

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট
কীটতত্ত্ব বিভাগ

ভিশন

চায়ের পোকামাকড় নিয়ন্ত্রনে গবেষণালব্ধ সফল বালাই ব্যবস্থাপনা কৌশল ব্যবহার করে বাংলাদেশের চা এর উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করা।

মিশন

চায়ের পোকামাকড় নিয়ন্ত্রনে সমন্বিত বালাই ব্যবস্থাপনা আওতায় নতুন কীটতাত্ত্বিক প্রযুক্তি উদ্ভাবন এবং প্রচলিত কীটতাত্ত্বিক পদ্ধতির উন্নতিকরণের মাধ্যমে ভিশন অর্জন করা।

কার্যাবলী

কীটতত্ত্ব হল প্রাণীবিজ্ঞানের একটি ফলিত শাখা যেখানে পোকামাকড়ের জীবনচক্র, বাস্তুসংস্থান, ক্ষতির প্রকৃতি ও তাদের দমন ব্যবস্থা নিয়ে গবেষণা করা হয়। কীটতত্ত্ব বিভাগ প্রতিষ্ঠানগ্ন থেকেই এসব পোকামাকড়ের জীবন চক্র, জীববৈচিত্র্য এবং আধিক্য দমনে যুগোপযোগী ফলিত গবেষণা কার্যক্রম চালিয়ে আসছে। তাই কীটতত্ত্ব বিভাগের গবেষণা কার্যক্রম মূলত উপযোগী কৌশল সম্পন্ন ও মাঠ পর্যায়ে সঞ্জতিপূর্ণ, যা চা শিল্পের দৈনন্দিন ও দীর্ঘমেয়াদী চাহিদা পূরণে সক্ষম।

বিটিআরআই এর কীটতত্ত্ব বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপঃ

১. চায়ের পোকামাকড় নিয়ন্ত্রনে যুগোপযোগী গবেষণা কার্যক্রম ফর্মুলেশন ও পরিচালনা করা।
২. চা বাগানের নার্সারী করার জন্য মাটি কীটতত্ত্ব বিভাগ কুমিপোকা বিশ্লেষণ করে প্রতিবেদন প্রদান।
৩. চা বাগানের বালাই সমস্যা সরেজমিনে পর্যবেক্ষণ করে তার যথাযথ সমাধান প্রদান।
৪. চা বাগানসমূহে তাৎক্ষণিক পেস্ট কমপ্লেক্স সমস্যার সমাধান প্রদান।
৫. চায়ে মাঠ পর্যায়ে কীটনাশকের কার্যকারিতা নির্ণয় ও প্রমিতকরণ।
৬. চা বাগানের তাৎক্ষণিক প্রয়োজনে সময়োপযোগী বিভিন্ন সার্কুলার প্রণয়ন।
৭. তৈরি চায়ের রেসিডিউ বিশ্লেষণ ও বাণিজ্যিক কীটনাশকের ফরমুলেশন বিশ্লেষণ।
৮. বিটিআরআই কর্তৃক পরিচালিত বার্ষিক কোর্স ও পিজিডি কোর্সে প্রশিক্ষকের দায়িত্ব পালন করা।
৯. চায়ের বালাই ব্যবস্থাপনা বিষয়ক সেমিনার ও কর্মশালা পরিচালনা করা।
১০. সর্বোপরি পরিচালক, বিটিআরআইকে প্রশাসনিক কাজে ও পলিসি তৈরিতে সক্রিয় সহায়তা করা।

চলমান গবেষণা কার্যক্রম

১. চায়ের থ্রিস্প দমনে মাঠ পর্যায়ে জৈব নিয়ন্ত্রন (বায়োরেশনাল) হিসেবে আঠালো ট্র্যাপ, ফেরোমোন লিউর, বায়েপেস্টিসাইড এর ব্যবহার মূল্যায়ন।
২. জলবায়ু পরিবর্তনের কারণে চা আবাদীতে নতুন পেস্ট জরিপ ও পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ।
৩. চায়ের হেলোপেল্টিস, লাল মাকড়, উইপোকা, কুমিপোকা, জাবপোকা ও থ্রিস্প দমনে মাঠ পর্যায়ে বালাইনাশকের এর কার্যকারিতা মূল্যায়ন।
৪. চায়ের পোকামাকড় নিয়ন্ত্রণে নতুন জৈব সার কাম বালাইনাশক (অর্গানো টু ইন ওয়ান) এর কার্যকারিতা নিরূপণ।

কীটতত্ত্ব বিভাগের অর্জনসমূহ

১. চায়ের পোকামাকড়ের জরিপকরণ ও প্রধান ক্ষতিকারক পোকামাকড় শনাক্তকরণ।
২. চায়ের প্রধান ক্ষতিকারক পোকামাকড়ের জৈব বাস্তুসংস্থান পরিশীলন।
৩. চায়ের প্রধান ক্ষতিকারক পোকামাকড়ের ক্ষতির মাত্রা নির্ণয়।
৪. চায়ের পোকামাকড় দমনে সমন্বিত পেস্ট ব্যবস্থাপনা (আইপিএম) কৌশল নিরূপন ও প্রয়োগ।
৫. চায়ের প্রধান ক্ষতিকারক পোকামাকড় যেমন- হেলোপেলিটস, লাল মাকড়, থ্রিপ্স, উইপোকা, কুমিপোকা প্রতিরোধী ক্রোনজাত শনাক্তকরণ ও সুপারিশ।
৬. চায়ের ক্ষতিকর কুমিপোকা নিয়ন্ত্রণে জৈব নিয়ন্ত্রক জেমন-শিকারি পোকা (প্রিডেটর), প্যারাসিটয়েড, পতঞ্জাভোজী জীবাণু (এন্টোমোপ্যাথোজেন) শনাক্তকরণ ও এর ব্যবহার।
৭. চায়ের পোকামাকড় দমনে জৈব বালাইনাশক হিসেবে দেশীয় গাছের নির্যাস (প্লান্ট এক্সট্রাক্ট) এর ব্যবহার।
৮. চায়ের পোকামাকড় দমনে রাসায়নিক বালাইনাশকের ব্যবহার প্রমিতকরণ।
৯. তৈরী চায়ে কীটনাশকের অবশিষ্টাংশ নির্ণয় ও নিরাপদ পাতা চয়নকাল নির্ধারণ।

ভবিষ্যৎ পরিকল্পনা

নিরাপদ চা উৎপাদন ও চায়ের পোকামাকড় নিয়ন্ত্রনে সমন্বিত বালাই ব্যবস্থাপনা সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ।

কীটতত্ত্ব বিভাগের জনবল

জনবল	অনুমোদিত পোস্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	১	১	-
২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও)	১	১	-
৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	২	-	২
৪। উর্ধ্বতন খামার সহকারী (এসএফএ)	১	১	-
৫। গবেষণাগার সহায়ক (এলএইচ)	১	-	১
৬। অফিস সহায়ক (এমএলএসএস)	১	১	-

(ড. মোহাম্মদ শামীম আল মামুন)

প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা

ও

বিভাগীয় প্রধান

কীটতত্ত্ব বিভাগ।